

সাম্প্রতিক অর্জন :

যুবদের প্রশিক্ষণ ও কর্মসংস্থানের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন ও দারিদ্র বিমোচনের লক্ষ্যে যুবদের উদ্ধারকরণ, প্রশিক্ষণদান, প্রশিক্ষণোত্তর ঋণ সহায়তা ও আত্মকর্মসংস্থানের নিমিত্ত গত ০৩(তিন) বছরে অত্র উপজেলায় ৭৭৯ জনকে প্রশিক্ষণ, ৩৬৭০০০০/- টাকা প্রশিক্ষণোত্তর ঋণ বিতরণ এবং ১১১ জন যুবক ও যুবমহিলাকে আত্মকর্মসংস্থানে প্রকল্প গ্রহণের মাধ্যমে স্বাবলম্বী করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ :

যুব জনসংখ্যা ক্রমবর্ধমান, এ ক্রমবর্ধমান যুব সংখ্যাকে যুব শক্তিতে রূপান্তর করা একটি চ্যালেঞ্জ। যুব শক্তিকে আত্মকর্মী হিসেবে গড়ে তোলাসহ আন্তর্জাতিক শ্রম বাজারের চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ প্রদান এবং প্রশিক্ষিত যুবদের প্রয়োজনীয় সহায়তা দিয়ে দক্ষ যুবশক্তি হিসেবে গড়ে তোলা ও রাখা একটি চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনা :

শিক্ষিত বেকার যুবদের অস্থায়ী কর্মসংস্থানের জন্য ন্যাশনাল সার্ভিস কর্মসূচি কাক্রম বাস্তবায়ন করা। নতুন নতুন প্রণীত প্রকল্প/কর্মসূচীর মাধ্যমে যুবদের প্রশিক্ষণ প্রদান করা হবে। সমাজ বিরোধী কর্মকাণ্ড প্রতিরোধে যুবদের সম্পৃক্তকরণের মাধ্যমে জনসচেতনতা সৃষ্টি করা হবে। ই-লার্নিং প্রক্রিয়ায় যুক্তপাঠের মাধ্যমে বিভিন্ন ট্রেডের প্রশিক্ষণ কার্যক্রমে যুবদের অধিকহাওে সম্পৃক্ত করা হবে। আত্মকর্মীদের মধ্য থেকে উদ্যোক্তা সৃষ্টি করা হবে।

২০২৩-২৪ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ :

- দেশ বিদেশে কর্মসংস্থানের লক্ষ্যে অপ্রাতিষ্ঠানিক ট্রেডে মোট ৪২০ জন যুবক ও যুবমহিলাকে প্রশিক্ষণ প্রদান।
- প্রশিক্ষিত যুবদের মধ্যে ২৬ জনকে ১৬৫০০০০/-টাকা ঋণ প্রদানের মাধ্যমে স্বাবলম্বী করা।
- আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প স্থাপন ও সম্প্রসারণপূর্বক ৩৬ জন আত্মকর্মী সৃষ্টি।
- সমাজ বিরোধী কর্মকাণ্ড প্রতিরোধে যুবদের সম্পৃক্তকরণের মাধ্যমে ০১টি অনুষ্ঠান আয়োজন ও জনসচেতনতা সৃষ্টি।